

বিএসটিআই কর্তৃক ২০২২ সালে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রম

- দেশিয় পণ্যের রপ্তানি বৃদ্ধির জন্য মার্চ, ২০২২ থেকে হালাল সার্টিফিকেট প্রদান করা হচ্ছে। এ যাবৎ ২০টি সার্টিফিকেট প্রদান করা হয়েছে এবং ১ মাসের মধ্যে আরও ৪০টি সার্টিফিকেট প্রদান করা সম্ভব হবে।
- বিএসটিআই'র লাইসেন্স/সার্টিফিকেট/টেস্ট রিপোর্ট এর অনৈতিক ব্যবহার রোধকল্পে ওয়েববেইজড মেশিন রিডেবল কোড বা QR Code সম্বলিত সফটওয়্যার প্রবর্তন করা হয়েছে। বর্তমানে কিউআর কোড সম্বলিত লাইসেন্স ও টেস্ট রিপোর্ট ইস্যু করা হচ্ছে।
- বিএসটিআই অনলাইনে আবেদনপত্র গ্রহণ, বিভিন্ন ফি অনলাইনে গ্রহণ, আয়-ব্যয়ের তথ্য এবং বিএসটিআই'র কর্মচারীদের তথ্য সম্বলিত আরও একটি সফটওয়্যার উন্নয়নের কাজ সমাপ্ত হয়েছে।
- বিএসটিআইতে ৯ম গ্রেডের বিভিন্ন ক্যাটাগরির ৮৮ জন এবং গ্রেড-১১ থেকে গ্রেড-১০ এর ২১জনসহ সর্বমোট ১০৯ জন কর্মকর্তা-কর্মচারী নিয়োগ করা হয়েছে।
- জুলাই, ২০২১ হতে নভেম্বর ২০২২ পর্যন্ত ৩১০টি পণ্যের মান প্রণয়ন এবং নতুন ১০টি পণ্যকে বাধ্যতামূলক সিএম লাইসেন্সের আওতাভুক্ত করার প্রস্তাব বিএসটিআই কাউন্সিল কর্তৃক অনুমোদন করা হয়েছে। বর্তমানে ২২৯টি পণ্য বিএসটিআই'র বাধ্যতামূলক লাইসেন্সের আওতাভুক্ত রয়েছে।
- সাংগঠনিক কাঠামো শক্তিশালী করার জন্য ১৪৫টি নতুন পদ সূজন করা হয়েছে।
- পণ্য মোড়কজাতকরণ বিধিমালা এবং বিএসটিআই প্রবিধানমালা হালনাগাদ করা হয়েছে।
- আমদানিকৃত স্বর্ণের বিশুদ্ধতা যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করা হচ্ছে।
- বিএসটিআই পদার্থ ও রসায়ন পরীক্ষণ ল্যাবরেটরির সম্প্রসারণ ও আধুনিকায়ন- শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় রসায়ন উইংয়ের ৩৮ (আটগ্রাম) টি ল্যাব ও পদার্থ পরীক্ষণ উইংয়ের ২৯ (উন্নতি) টি ল্যাবসহ মোট ৬৭ (সাতষটি) টি ল্যাব নির্মিত হবে।
- ন্যাশনাল মেট্রোলজি ল্যাব সম্প্রসারণ এবং প্রশিক্ষণের সুবিধা সৃষ্টি-শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের আওতায় সায়েন্টিফিক মেট্রোলজি ও লিগ্যাল মেট্রোলজির ২১টি ল্যাব স্থাপিত হবে। তাছাড়া ৪০০ আসনের অডিটোরিয়াম, শিশু দিবায়ন কেন্দ্র এবং কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের স্থায়ী অবকাঠামো সৃষ্টির প্রস্তাব উত্তোলন রয়েছে।
- মাঠ পর্যায়ে বিএসটিআই'র কার্যক্রম সম্প্রসারণের জন্য ১০টি জেলা যথা গোপালগঞ্জ, নরসিংড়ী, গাজীপুর, নওগাঁ, পাবনা, কুষ্টিয়া, ঘৰোৱা, নোয়াখালী, দিনাজপুর এবং পটুয়াখালী জেলায় ল্যাবসমূহ বিএসটিআই'র আঞ্চলিক কার্যালয় স্থাপনের জন্য একটি উন্নয়ন প্রকল্প বর্তমান সরকারের অনুমোদনের অপেক্ষায় আছে।
- বিএসটিআই'র কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য গত একবছরে মোট ১২৫ (একশত পঁচিশ) জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- বিএসটিআইতে অভিযোগ গ্রহণ ও দ্রুত সেবা প্রদানের জন্য হট লাইন (১৬১১৯) চালু করা হয়েছে।

22/02/2022

(মোঃ রিয়াজুল হক)
উপপরিচালক (সিএম)

ও

এপিএ ফোকাল পয়েন্ট, বিএসটিআই